# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

প্লট# ই-৫/এ, শের-ই বাংলানগর, আগারগাঁও
প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.btrc.gov.bd

স্মারক নং-১৪.৩২.০০০০.৪০০.১১.০০১.২৫.৫৬১

তারিখঃ ১৪ বৈশাখ ১৪৩২ / ২৭ এপ্রিল ২০২৫ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ীভাবে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে http://btrc.teletalk.com.bd/ ওয়েবসাইটে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | সহকারী পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন) | গ্রেড-৯ ২২০০০-৫৩০৬০ | সর্বোচ্চ ৩২ বৎসর | ০১(এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ২. | সহকারী পরিচালক (তরঙ্গ ব্যবস্থাপনা) | গ্রেড-৯ ২২০০০-৫৩০৬০ | সর্বোচ্চ ৩২ বৎসর | ০৪(চার) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেলিকমিউনিকেশন, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৩. | সহকারী পরিচালক (লিগ্যাল) | গ্রেড-৯ ২২০০০-৫৩০৬০ | সর্বোচ্চ ৩২ বৎসর | ০২(দুই) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এল এল বি. (সম্মান) ও অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ এলএল.এম. ডিগ্রি;<br>(খ) বার কাউন্সিলের সনদ; এবং<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৪. | সহকারী পরিচালক (প্রকৌশল ও পরিচালন) | গ্রেড-৯ ২২০০০-৫৩০৬০ | সর্বোচ্চ ৩২ বৎসর | ০৩(তিন) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেলিকমিউনিকেশন, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৫. | সহকারী পরিচালক (এনফোর্সমেন্ট) | গ্রেড-৯ ২২০০০-৫৩০৬০ | সর্বোচ্চ ৩২ বৎসর | ০১(এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেলিকমিউনিকেশন, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৬. | উপ-সহকারী পরিচালক (আইটি) | গ্রেড-১০ ১৬০০০-৩৮৬৪০ | সর্বোচ্চ ৩২ বৎসর | ০১ (এক) | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে টেলিকমিউনিকেশন, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স বা কম্পিউটার প্রযুক্তি বিষয়ে ৪(চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের ডিপ্লোমা; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৭. | উপ-সহকারী পরিচালক (অর্থ, হিসাব ও রাজস্ব) | গ্রেড-১০ ১৬০০০-৩৮৬৪০ | সর্বোচ্চ ৩২ বৎসর | ০১ (এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৮. | উপ-সহকারী পরিচালক (তরঙ্গ ব্যবস্থাপনা) | গ্রেড-১০ ১৬০০০-৩৮৬৪০ | সর্বোচ্চ ৩২ বৎসর | ০১ (এক) | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে টেলিকমিউনিকেশন, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স বা কম্পিউটার প্রযুক্তি বিষয়ে ৪(চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের ডিপ্লোমা; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৯. | উপ-সহকারী পরিচালক (লিগ্যাল) | গ্রেড-১০ ১৬০০০-৩৮৬৪০ | সর্বোচ্চ ৩২ বৎসর | ০২(দুই) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এলএল.বি (সম্মান) বা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ এলএল.এম. ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |

| ক্রঃ নং | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১০. | উপ-সহকারী পরিচালক (লাইসেন্স) | গ্রেড-১০ ১৬০০০-৩৮৬৪০ | সর্বোচ্চ ৩২ বৎসর | ০৩(তিন) | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে টেলিকমিউনিকেশন, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স বা কম্পিউটার প্রযুক্তি বিষয়ে ৪(চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের ডিপ্লোমা; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ১১. | উপ-সহকারী পরিচালক (পরিদর্শন) | গ্রেড-১০ ১৬০০০-৩৮৬৪০ | সর্বোচ্চ ৩২ বৎসর | ০১ (এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ১২. | ব্যক্তিগত কর্মকর্তা | গ্রেড-১১ ১২৫০০-৩০২৩০ | সর্বোচ্চ ৩২ বৎসর | ০১ (এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে শব্দের গতি প্রতি মিনিটে;<br>(গ) বাংলায় ২০(বিশ) শব্দ; এবং<br>(ঘ) ইংরেজিতে ২০(বিশ) শব্দ |
| ১৩. | কম্পিউটার অপারেটর | গ্রেড-১৩ ১১০০০-২৬৫৯০ | সর্বোচ্চ ৩২ বৎসর | ০২(দুই) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে শব্দের গতি প্রতি মিনিটে;<br>(অ) বাংলায় ২০(বিশ) শব্দ; এবং<br>(আ) ইংরেজিতে ২০(বিশ) শব্দ |
| ১৪. | হিসাবরক্ষক | গ্রেড-১৩ ১১০০০-২৬৫৯০ | সর্বোচ্চ ৩২ বৎসর | ০১(এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদের যে কোনো বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে শব্দের গতি প্রতি মিনিটে;<br>(অ) বাংলায় ২০(বিশ) শব্দ; এবং<br>(আ) ইংরেজিতে ২০(বিশ) শব্দ |
| ১৫. | ক্যাশিয়ার | গ্রেড-১৩ ১১০০০-২৬৫৯০ | সর্বোচ্চ ৩২ বৎসর | ০১(এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদের যে কোনো বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে শব্দের গতি প্রতি মিনিটে;<br>(অ) বাংলায় ২০(বিশ) শব্দ; এবং<br>(আ) ইংরেজিতে ২০(বিশ) শব্দ |
| ১৬. | অফিস-সহকারী-কাম কম্পিউটার অপারেটর | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০ | সর্বোচ্চ ৩২ বৎসর | ০১(এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে শব্দের গতি প্রতি মিনিটে;<br>(অ) বাংলায় ২০(বিশ) শব্দ; এবং<br>(আ) ইংরেজিতে ২০(বিশ) শব্দ |
| ১৭. | গাড়িচালক | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০ | সর্বোচ্চ ৩২ বৎসর | ০৯(নয়) | (ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি অথবা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা বা ভারী ড্রাইভিং লাইসেন্স থাকিতে হইবে; এবং<br>(গ) যানবাহন চালনায় ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ১৮. | ইলেকট্রিশিয়ান ও টেকনিশিয়ান | গ্রেড-১৮ ৮৮০০-২১৩১০ | সর্বোচ্চ ৩২ বৎসর | ০১(এক) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কেনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স উত্তীর্ণ ; এবং<br>(গ) প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হইতে লাইসেন্সপ্রাপ্ত। |
| ১৯. | পরিচ্ছন্নতাকর্মী | গ্রেড-২০ ৮২৫০-২০০১০ | সর্বোচ্চ ৩২ বৎসর | ০১(এক) | কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>তবে শর্ত থাকে যে, মোট পদের শতকরা ৮০(আশি) ভাগ পদ জাত হরিজন সম্প্রদায়ের প্রার্থীর জন্য সংরক্ষিত থাকিবে; আরও শর্ত থাকে যে, জাত হরিজন সম্প্রদায়ের কোনো প্রার্থী পাওয়া না গেলে উক্ত পদ সাধারণ প্রার্থী হইতে পূরণ করা যাইবে। |

| ক্রঃ নং | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ২০. | অফিস সহায়ক | গ্রেড-২০ ৮২৫০-২০০১০ | সর্বোচ্চ ৩২ বৎসর | ০২(দুই) | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। ০১ এপ্রিল, ২০২৫ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বৎসর (বিজ্ঞপ্তির ৪নং কলামের বর্ণনা অনুযায়ী) হতে হবে। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার (এসএসসি)/সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স গণনা করা হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। উল্লেখ্য যে, গাড়িচালক এবং পরিচ্ছন্নতাকর্মী পদের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র ও অষ্টম শ্রেণি/জুনিয়র স্কুল সার্টিফিকেট অনুযায়ী প্রার্থীর বয়স গণনা করা হবে।

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে;

৩। নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরবর্তিতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

৪। আবেদনকারীকে তাঁর শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত তথ্য আবেদনে উল্লেখ করতে হবে। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার বাইরে অন্য ভুল তথ্য/মিথ্যা/জাল তথ্য দ্বারা অনলাইনে আবেদন করা হলে বা কোন তথ্য গোপন করলে আবেদন বাতিল করা হবে। একইসাথে আবেদনকারী কোনো তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

৫। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবেনা;

৬। **মৌখিক পরীক্ষায় সময় নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবে:**

(ক) মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

(খ) মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত Application Form সহ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সনদপত্রের একসেট ফটোকপি ও নব্য তোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দাখিল করতে হবে;

(গ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে;

(ঘ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে;

(ঙ) আবেদনকারী বীরমুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার পুত্র-কন্যা হলে প্রমাণক হিসেবে (বীরমুক্তিযোদ্ধার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ/বামুস সনদের তালিকা অনুযায়ী) আবেদনকারী যার পুত্র-কন্যা এমর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এ ক্ষেত্রে প্রমাণপত্রে প্রার্থীর পিতা/মাতার নাম এবং বীর মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র/কন্যার নাম উল্লেখসহ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সাথে প্রার্থীর সম্পর্কের বিষয়টি সুস্পষ্টভাবে সনদে উল্লেখ করতে হবে।

(চ) এতিম, শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, তৃতীয় লিঙ্গ এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(ছ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র/ ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৭। এ নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ জারিকৃত সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;

৮। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ অংশ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

৯। স্মারক নং-১৪২২ এর মাধ্যমে গত ০১ নভেম্বর ২০২৩ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী ইতোমধ্যে যেসকল চাকরিপ্রার্থী আবেদনপত্র জমা দিয়েছেন, তাঁদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। উল্লেখ্য, পূর্বোক্ত এবং বর্তমান আবেদনকারীসহ সকল চাকরিপ্রার্থীকে অত্র বিজ্ঞপ্তির অধীনে একই আবেদনকারী হিসেবে বিবেচনা করতঃ পরীক্ষা গ্রহণ করা হবে।

১০। সকল পদের জন্য লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা গ্রহণ করা হবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

১১। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত নির্দেশাবলি:**

(ক) আগ্রহী প্রার্থীগণ http://btrc.teletalk.com.bd/ এ ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

**আবেদনের সময়সীমা নিম্নরূপ:**

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **আগামী ২৯ এপ্রিল/২০২৫, সকাল ১০:০০ টা।**

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: **আগামী ২৮ মে/২০২৫, বিকাল ৫:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষর সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online এ পূরণকৃত আবেদনপত্রে প্রদত্ত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বে প্রদত্ত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে বা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে বা বিজ্ঞপ্তিতে চাওয়া যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ কোন তথ্য **দাখিল করা হলে বা বিজ্ঞপ্তির নির্দেশনা লঙ্ঘন পূর্বক কোন আবেদন পাওয়া গেলে** সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা নিয়োগের যে কোনো পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন এবং মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশনামতে ছবি (Photo) এবং স্বাক্ষর (Signature) Upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র Submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview কপি দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন কপি প্রিন্ট(Print) করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে। উক্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে নিম্নোক্তভাবে ২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিম্নবর্ণিত অর্থ (পরীক্ষার ফি, টেলিটকের সার্ভিস চার্জ এবং ভ্যাটসহ) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেনঃ

(ক) ১-১১নং (গ্রেড-৯ম ও ১০ম গ্রেড) ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ মোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা,
(খ) ১২ নং (গ্রেড-১১তম) ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ মোট ১৬৮/-(একশত আটষট্টি) টাকা,
(গ) ১৩-১৭ নং (গ্রেড-১৩-১৬তম) ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ মোট ১১২/- (একশত বার) টাকা এবং
(ঘ) ১৮-২০ নং (গ্রেড-১৮-২০তম) ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫৬/-(ছাপ্পান্ন) টাকা। তবে সকল গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ৫৬/-(ছাপ্পান্ন) টাকা (অফেরতযোগ্য) আবেদনের অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

**প্রথম SMS: BTRC**<space>**User ID** লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example: BTRC ABCDEF
Reply: Applicant's Name, Tk-223/- or Tk.112 or Tk-56/- will be charged as application fee, Your PIN is xxxxx. To pay fee Type BTRC<Space>YES<Space>PIN and send to 16222।

**দ্বিতীয় SMS: BTRC**<space>**YES**<space>**PIN** লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example: BTRC YES 123456789
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BTRC Recruitment Application for xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxx).

**বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।**

(চ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী কর্তৃক এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

(ছ) প্রবেশপত্র সংগ্রহের নোটিশ http://btrc.teletalk.com.bdএবং http://btrc.gov.bd ওয়েবসাইট এপাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS যোগ্য প্রার্থীদের মোবাইল ফোন নম্বরে প্রেরণ করা হবে।

(জ) Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরেই পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ করা হবে বিধায় উক্ত মোবাইল ফোন নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ঝ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন:

(i) User ID জানা থাকলে: BTRC<Space>HELP<Space>USER<Space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে। Example: BTRC HELP USER ABCDEF

(ii) PIN জানা থাকলে: BTRC<Space>HELP<Space>PIN<Space>PIN No. লিখে 16222 নম্বরে Send করতে হবে। Example: BTRC HELP PIN 123456789

(ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর ওয়েবসাইটে http://btrc.gov.bd এবং **http://btrc.teletalk.com.bd** অথবা **QR code** স্ক্যান এর মাধ্যমে অথবা বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল **http://alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

(ট) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নাম্বার থেকে ১২১ নাম্বারে অথবা যে কোন অপারেটরের ফোন থেকে ০১৫০০১২১১২১ নম্বরে কল করুন। এছাড়া alljobs.query@teletalk.com.bd এবং **recruitment@btrc.gov.bd** এর ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject এ Organization Name "BTRC", Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ঠ) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

* **শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।**

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর ওয়েবসাইটে প্রবেশ এর **QR Code**

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর টেলিটক পোর্টালে প্রবেশ এর **QR Code**

(এম. এ. তালেব হোসেন)
পরিচালক (প্রশাসন), বিটিআরসি।